৪৫/

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা 1 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

12

## ভুয়া পরিচয়ে ভর্তিতে সহায়তা ॥ একজন গ্রেফতার

রায়পুর (লক্ষ্মীপুর), ৩১শে জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)—ভুয়া পরিচয়ে জনৈক যুবককে কলেজে ভর্তি হওয়ার সুযোগ করিয়া দেও-

(৯ম পৃঃ দ্রঃ)

## ভুয়া পরিচয়ে কলেজে

(৩য় পৃঃ পর)

য়ার অভিযোগে পুলিশ সম্প্রতি আমির হোসেন নামক এক যুবককে গ্রেফতার করে।

রায়পুর উপজেলার শায়েস্তানগর গ্রামের আমির হোসেন ৮৫ সালে উপজেলার শায়েস্তানগর ইসলামিয়া মাদ্রাসা হইতে দাখিল এবং '৮৬ সালে হাইমচর উপজেলার কাটাখালী হামিদিয়া সিনিয়র মাদ্রাসা হইতে আলিম পরীক্ষায় পাস করে। অভিযোগে প্রকাশ, রায়পুর উপজেলার ৫ম শ্রেণী পর্যন্ত পড়ুয়া মনির হোসেন নামক এক যুবক কলেজে ভর্তি হওয়ার ইচ্ছা প্রকাশ করিলে আর্থিক সুবিধার বিনিময়ে আমির হোসেন তাহার আলিম পাসের প্রশংসাপত্র মনিরের নিকট হস্তান্তর করে। মনির নিজ পরিচয় গোপন রাখিয়া উক্ত প্রশংসাপত্র দিয়া '৮৭ সালে রায়পুর কলেজে মানবিক প্রথম বর্ষে ভর্তি হয়। আমির হোসেন নিজেও দাখিল পাসের কাগজপত্র দিয়া ৮৬ সালে একই কলেজে ভর্তি হয়। কলেজে নিয়মিত ছাত্র থাকাকালে মনির হোসেন কলেজের জনৈকা ছাত্রীকে অপমান করিতে গেলে থানায় একটি মামলা দায়ের করা হয়। পুলিশ উক্ত মামলা তদন্তে গেলে মনিরের ভুয়া পরিচয়ে কলেজে ভর্তি হওয়ার ঘটনা ধরা পড়ে। ভুয়া পরিচয়ে কলেজে ভর্তি হইতে সহায়তা করার অভিযোগে পুলিশ আমির হোসেনকে গ্রেফতার করে। মনির হোসেন পলাতক রহিয়াছে।